



০০০০, ০০০০০০

০০০০০০ ০০০০০০০০০০ ০০০০

Job Category: Administration/General
Management

Job Source: ০০০০ ০০০০০০০

Job Summary

Posted On: 5 Nov 2024

Application Deadline: 21 Nov 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নং- ২৬.০০.০০০০.০৯০.১১.০২৫.১৫-১৩৬

তারিখ : ১৯ কার্তিক ১৪৩১
০৪ নভেম্বর ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিযোগিতা আইন, ২০১২ অনুসারে গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন-এর নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত উপযুক্ত ও আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র:	পদের নাম	ক্যাটাগরি	পদ সংখ্যা	আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সদস্য	বাজার সম্পর্কিত	১ (এক)	বাংলাদেশের অর্থনীতি, আন্তর্জাতিক অর্থনীতি ও ডব্লিউটিও-এর বিধি-বিধান বিষয়ে বাস্তব জ্ঞানসহ ১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা।
২.	সদস্য	জনপ্রশাসন	১ (এক)	জনপ্রশাসন বা অনুরূপ যেকোন বিষয়ে ১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা।
৩.	সদস্য	অর্থনীতি	১ (এক)	বাংলাদেশের অর্থনীতি/সেবা, আন্তর্জাতিক অর্থনীতি ও ডব্লিউটিও-এর বিধি-বিধান বিষয়ে বাস্তব জ্ঞানসহ ১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা।

শর্তসমূহ :

- আগ্রহী প্রার্থীগণকে নাম, স্থায়ী ও পত্র যোগাযোগের ঠিকানা, যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বরাবরে আগামী ২১ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি এবং দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে।
- আবেদনপত্রের উপরে ডানদিকের দৃশ্যমান স্থানে এবং জীবনবৃত্তান্তে যে ক্যাটাগরির পদে (পদের নাম) নিয়োগ পেতে ইচ্ছুক তা উল্লেখ করতে হবে।
- এসএসসি/সমতুল্য পরীক্ষার সনদপত্রের ভিত্তিতে আগামী ২১ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৬২ বছর হতে হবে।
- বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রির সনদপত্রের সাথে উক্ত ডিগ্রির সমতাকরণ সংক্রান্ত ইউজিসি/শিক্ষা মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- কমিশনের সদস্য (জনপ্রশাসন, বাজার সম্পর্কিত ও অর্থনীতি) পদে নিয়োগের মেয়াদ হবে তিন বছর। তবে উক্ত মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে নিযুক্ত ব্যক্তির বয়স ৬৫ বছর পূর্ণ হলে তিনি সদস্য পদে আর বহাল থাকবেন না।
- নিযুক্ত সদস্যের পদমর্যাদা, বেতন, ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি এবং চাকুরির শর্ত প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (চেয়ারপার্সন ও সদস্য) নিয়োগ বিধিমালা, ২০১৫ অনুসারে সরকার কর্তৃক নির্ধারিত হবে।
- প্রার্থীগণের আবেদন প্রাথমিক বাছাইয়ের পর বাছাইকৃত প্রার্থীগণকে বাছাই কমিটির নিকট সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পত্রের মাধ্যমে অবহিত করা হবে। যোগাযোগের ঠিকানা ভুল থাকলে প্রার্থী দায়ী থাকবেন।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভ্রমণ ভাতা কিংবা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিলসহ নিয়োগ কার্যক্রম স্থগিত ও পরীক্ষার সময় পরিবর্তন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(নাসরিন সুলতানা)
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

ডিজি-১৮১১/২৪ (৮"×৩)